গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া,নাটোর
bagatipara.natore.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৬৯০৯.০০০.০৬.০০৪.২৬-১৭ তারিখ: ২০ পৌষ, ১৪৩২ / ০৪ জানুয়ারি, ২০২৬

# 'নিয়োগ বিজ্ঞপ্তি'

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গেজেটের ০৬ মে ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ/০৪ মে ২০১৫ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৮৯ আইন/২০১৫ এবং বাংলাদেশ গেজেটের ০৩ জুলাই ২০১৭ খ্রি. তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৩২-আইন/২০১৭ এর আদেশবলে নাটোর জেলাধীন বাগাতিপাড়া উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের (মহল্লাদার) শূন্যপদে লোক নিয়োগের জন্য স্ব-স্ব ওয়ার্ড এর স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | পদের সংখ্যা | নিয়োগের জন্য বয়স সীমা | নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | বেতন (সর্বসাকুল্যে) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ৩নং বাগাতিপাড়া ইউপি | মহল্লাদার | ০৩ | ০১ | সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত | <u>শিক্ষাগত যোগ্যতা:</u><br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br><u>শারীরিক যোগ্যতা:</u><br><u>পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:</u><br>(১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি।<br>(২) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ইঞ্চি (সম্প্রসারণ)।<br>(৩) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।<br><u>মহিলা প্রার্থীর ক্ষেত্রে:</u><br>(১) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট।<br>(২) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।<br>(৩) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি। | সরকারি অংশ ৩৭৫০/- ইউপি অংশ ৩৭৫০/- |
| ০২ | ৩নং বাগাতিপাড়া ইউপি | মহল্লাদার | ০৫ | ০১ | | | |
| | | | | =০২ | | | |

**শর্তাবলীঃ**

১। আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, (শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা(যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রাথীকে স্বহস্তে আবেদন করতে হবে।
২। প্রার্থীকে সুঠাম দেহের অধিকারী হতে হবে।
৩। আবেদন পত্রের সংঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর এর অনুকুলে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
৪। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ (ক) আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি; (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (গ) জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধনের সত্যায়িত কপি; (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি; (ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ; (চ) পোষ্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং মুক্তিযোদ্ধা কোটার স্বপক্ষে প্রমাণক হিসেবে প্রয়োজনীয় কাগজপত্র আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।
০৫। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।
০৬। আবেদনের সাথে ১০.০০ টাকার ডাকটিকেট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের ১টি খাম দিতে হবে।
০৭। প্রার্থীর বয়স আগামী ২০ জানুয়ারি ২০২৬ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে।
৮। প্রার্থীর আবেদন আগামী ২০ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি অথবা ডাকযোগে জমা হতে হবে।
৯। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম এবং বামপার্শ্বে আবেদনকারীর নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
১০। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় নাগিরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
১১। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপর্যুক্ত প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।
১২। মহল্লাদার এর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে বিধিমালার যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যেক পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১৩। নির্দিষ্ট সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। নিয়োগপ্রাপ্ত মহল্লাদারকে সংশ্লিষ্ট থানায় ০১ (এক) মাসের প্রশিক্ষণ নিতে হবে। কোন মহল্লাদার যথাযথভাবে তার প্রশিক্ষণ সমাপ্ত করতে না পারলে তার নিয়োগ বাতিল করা হবে।

১৫। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। প্রার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত/সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


(মোহাম্মদ আলাউদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
টেলিফোন নং-০২৫৮৮৮-৭৫০০১
মোবাইল নং- ০১৭৬২-৬৯২১০৮
E-mail:unobagatipara@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর
bagatipara.natore.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৬৯০৯.০০০.০৬.০০৪.২৬-১৭

তারিখ: ২০ পৌষ, ১৪৩২ / ০৪ জানুয়ারি, ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, নাটোর।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

৩। উপজেলা প্রকৌশলী, বাগাতিপাড়া, নাটোর।

৪। অফিসার ইন-চার্জ, বাগাতিপাড়া থানা, বাগাতিপাড়া, নাটোর।

৫। উপজেলা অনসার ও ভিডিপি অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

৬। প্যানেল চেয়ারম্যান, ৩নং বাগাতিপাড়া ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।


(মোহাম্মদ আলাউদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর
টেলিফোন নং-০২৫৮৮৮-৭৫০০১
মোবাইল নং- ০১৭৬২-৬৯২১০৮
E-mail:unobagatipara@mopa.gov.bd